

## **া** কিয়ামতের আলামত

বিভাগ/অধ্যায়ঃ কিয়ামতের ছোট আলামত রচয়িতা/সঙ্কলকঃ আনুল্লাহ্ শাহেদ আল-মাদানী

৩২) সুন্নাতী আমল সম্পর্কে গাফিলতী করবে

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ "তোমাদের কেউ যখন মসজিদে প্রবেশ করবে সে যেন বসার পূর্বে দুই রাকাত নামায পড়ে নেয়"।[1] কিছু সংখ্যক লোক ব্যতীত কিয়ামতের পূর্ব মুহূর্তে মুসলমানেরা এই গুরুত্বপূর্ণ সুন্নাতিটর উপর আমল ছেড়ে দিবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ "কিয়ামতের আলামত হচ্ছে লোকেরা মসজিদের ভিতরে প্রবেশ করবে কিন্তু তাতে দু'রাকাত নামায পড়বেনা"।[2]

## ফুটনোট

- [1] মুসলিম, অধ্যায়ঃ মুসাফিরের নামায।
- [2] সহীহ ইবনে খুজায়মা। ইমাম আলবানী হাদীছটিকে সহীহ বলেছেন। সিলসিলায়ে সাহীহা হাদীছ নং- ৬৪৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3098

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন